নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ,
সমৃদ্ধ হবে বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল

# জানুয়ারি/২০২৩ মাসের SDG বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মহর আলী মোল্লা<br>উপ -মহাপরিদর্শক |
| সভার তারিখ | ২৪/০১/২০২৩ |
| সভার সময় | বেলা ০২.০০ টায় |
| স্থান | সম্মেলন কক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | পরিশিষ্ট- কমিটির সদস্যগণের হাজিরা |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই জানানো হয় যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯টি টার্গেট এবং ২৩১টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি'র ১৬৯টি টার্গেটের মধ্য থেকে ৮ নং অভীষ্টের ৩টি টার্গেট (৮.৫, ৮.৭, ৮.৮) অর্জনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মূল দায়িত্ব পালন করছে। উক্ত ৩টি টার্গেটের পরিমাপক হিসেবে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর লক্ষ্যমাত্রা অর্জনের বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির ডিসেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কী না জানতে চাওয়া হলে কারো কোনো সংশোধনী নেই বলে জানান। | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির ডিসেম্বর, ২০২২ মাসের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | এসডিজি বাস্তবায়নে মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অত্র কার্যালয়ের (SDG) বাস্তবায়নে মনিটরিং সংক্রান্ত কমিটির সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করা হচ্ছে এবং সভার রেজুলেশন ও অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | ১. প্রতি মাসে SDG বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভা আয়োজন করতে হবে।<br>২.সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>৩. সভার রেজুলেশন ও অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা করতে হবে। | ১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২. সকল পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে বলে সভায় জানানো হয়। | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রম জোরদারপূর্বক অব্যাহত রাখতে হবে। | সকল পরিদর্শক |
| ০৪ | শিশুশ্রম নিরসন | এসডিজি টার্গেট বাস্তবায়নে সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন এবং শিশুশ্রম নিরসনে মহাপরিদর্শক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। | সকল পরিদর্শক |
| ০৫ | কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনার হার হ্রাস বিষয়ক এসডিজির ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন এসডিজির ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ বিষয়ে শিল্প কলকারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনা ঘটলে শ্রম আইন অনুযায়ী অত্র দপ্তরে নোটিশ প্রেরণ, রেজিস্টারে লিপিবদ্ধকরণ, সংরক্ষণ ও মাসিক দুর্ঘটনার প্রতিবেদন প্রেরণের জন্য কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ১. কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. নিয়মিত পরিদর্শনের সময় উদ্বুদ্ধকরণ করতে হবে। | সকল পরিদর্শক |
| ০৬ | সেইফটি কমিটি | আইন ও বিধি মোতাবেক যে সকল কারখানা/ প্রতিষ্ঠানে সেইফটি কমিটি গঠন করা যায় সেখানে সেইফটি কমিটি গঠন করার বিষয়ে সভায় বিশেষ গুরত্ব গুরত্ব আরোপ করা হয়। সভায় কমিটির সদস্য শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব মোহাম্মদ এরফানুল কবির উল্লেখ্য করেন যে, অত্র কার্যালয়ের অধিক্ষেত্র- টাঙ্গাইল জেলায় বিভিন্ন কারখানা/ প্রতিষ্ঠানে মোট ৫১টি সেফটি কমিটি গঠিত হয়েছে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সকল সেইফটি কমিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে যাচাই পূর্বক প্রধান কাযালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং সকল সেইফটি কমিটিকে আইন/বিধি মোতাবেক কার্যকর করার জন্য কারখানা/প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. আইন ও বিধি মোতাবেক যে সকল কারখানা/ প্রতিষ্ঠানে সেইফটি কমিটি গঠন করা যায় সেখানে সেইফটি কমিটি গঠন ও কার্যকর করার কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. আইন ও বিধি মোতাবেক সেইফটি কমিটির কাযক্রম পরিচালনার জন্য কারখানা/প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। | সকল পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা/ মতবিনিময় সভা/সেমিনার আয়োজন | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র কার্যালয়ের আওতাধীন কারখানা/প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে উদ্বুদ্ধকরণ সভা, মতবিনিময় সভা, সেমিনার/কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন করা হলে তা অধিক ফলপ্রসূ হবে বলে মত ব্যক্ত করা হয়। | ০১. এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কারখানা/প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শনকালে মালিক প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে প্রত্যেক টিমকে উদ্বুদ্ধকরণ সভা করতে হবে।<br>০২. এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র কার্যালয়ের আওতাধীন কারখানা/প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে প্রতিমাসে ০১টি করে মতবিনিময় সভা/আলোচনা সভা/সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ০১. সকল টিম<br>০২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব |
| ০৮ | ওয়েবসাইটে এসডিজি কর্ণার স্থাপন ও হালনাগাদকরণ | অত্র কার্যালয়ের তথ্য বাতায়নে এসডিজি কর্ণার স্থাপন করা হয়েছে এবং তথ্যাদি হালনাগাদ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | দপ্তরের তথ্য বাতায়নে SDG সেবা বক্সে তথ্য দিয়ে নিয়মিত হালনাগাদ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মহর আলী মোল্লা
উপ -মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৯৩০০.১০২.৯৯.০০৯.১৯.২৬

তারিখ: ১১ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :সদয় জ্ঞাতার্থে/কাযার্থে প্রেরন করা হলাে:

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩) সকল কর্মকর্তা/কর্মচারী, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল

৪) অফিস কপি



দীপঙ্কর দাস
সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য-১